



মালিগাছা ইউনিয়ন পরিষদ

পাবনা সদর, পাবনা

স্মারক নং-০৫.৪৩.৭৬৫৫.০০১.১১.০০১.২০২৩-১৭৮

তারিখ : ০৭/১২/২০২৩খ্রিঃ

উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি

আগামী ২৬ ডিসেম্বর/২০২৩ ইং তারিখ বেলা- ১২.০০টায় মালিগাছা ইউনিয়ন পরিষদের নিজেস্ব জায়গায় টেবুনিয়া বাজারের উপর ইউনিয়ন পরিষদের পুরাতন ইউপি ভবন ও তৎসংলগ্ন মার্কেটের পাকা দোকান ঘর সরাসরি উন্মুক্ত নিলামের মাধ্যমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে যথা সময়ে নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলামের শর্ত :-

- ০১। নিধারিত সময় সরাসরি ডাকের মাধ্যমে নিলাম অনুষ্ঠিত হবে, নিলামের সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষনিক ভাবে সরাসরি মনোনীত করা হবে।
- ০২। দরদাতাকে সরকারী নিদ্ধারিত মূল্যের ২৫% অর্থ জমা প্রদান করে নিলামে অংশগ্রহণ করতে হবে।
- ০৩। সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষনিক উপস্থিতির মাধ্যমে নিলামের সম্পূর্ণ টাকা পরিশোধ করতে হবে। কোন চেক গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কোন প্রকার আপত্তি অনুরোধ/গ্রহণযোগ্য নয়।
- ০৪। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক যে দর প্রদান করবেন তার সাথে ৭.৫০% ভ্যাট ও ৩% আয়কর অতিরিক্ত হিসাবে সংযুক্ত করে প্রদান করতে হবে।
- ০৫। নিলামে যে কেউ অংশ গ্রহণ করতে পারবেন।
- ০৬। নিলাম বাতিল/স্থগিত করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।
- ০৭। নিলাম প্রাপ্তির পর ১৫(পনের)দিনের ভিতরে অর্থাৎ আগামী ১৫/০১/২০২৪ইং ইং মধ্যে আবশ্যিক ভাবে নিলামকৃত ভবন সমূহ অপসারণ করতে হবে।
- ০৮। নিধারিত সময়ের পর অর্থাৎ আগামী ১৫/০১/২০২৪ইং এর পরে কোন মালামাল অপসারণ ব্যাতিত বাকি রাখা হলে সেটি ইউনিয়ন পরিষদের সম্পত্তি বলে গন্য করা হবে।

অনুলিপি :- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ০১। উপপরিচালক স্থানীয় সরকার, পাবনা
- ০২। উপজেলা নিবহী অফিসার, পাবনা সদর, পাবনা।
- ০৩। অফিসার ইনচার্জ, পাবনা সদর থানা, পাবনা।
- ০৪। উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পাবনা সদর, পাবনা।
- ০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মালিগাছা ভূমি অফিস
- ০৬। নোটিশ বোর্ড।
- ০৭। অফিস কপি।

সভাপতি/সদস্য সচিব
ইউনিয়ন উন্মুক্ত নিলাম কমিটি
মালিগাছা ইউনিয়ন পরিষদ
পাবনা সদর, পাবনা।